

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 12.10.2024

Time: 7.35

A.IV

বিশেষ বিশেষ খবরঃ-

১) শারদীয়া দুর্গোৎসবের আজ চতুর্থ দিন। তোর থেকেই মন্দপে মন্দপে চলে নবমী বিহিত পুজো ও পুষ্পাঞ্জলির পালা।

তিথি অনুযায়ী দশমী পরে যাওয়ায় বেশিরভাগ জায়গায় আজই দেবী বরন ও সিঁদুর খেলার আয়োজন করা হচ্ছে।

মহাষ্টমী ও মহানবমীর রাতে মন্দপে মন্দপে গতকাল প্রতিমা দর্শনার্থীদের ঢল নামে।

২) নবরাত্রি উৎসব শেষে সারা দেশে আজ দশেরা পালিত হচ্ছে।

৩) শারদোৎসবের মধ্যেই আর জি কর ইস্যুতে ধর্মতলায় অনশনরত জুনিয়ার চিকিৎসকদের ডাকা মহাসমাবেশে গত সন্ধ্যায় ছিল জনজোয়ার। আরও ২ চিকিৎসক যোগ দিয়েছেন অনশনে।

৪) চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের সুরক্ষায় রাজ্যের সব মেডিকেল কলেজ ও হাসপাতালে নেওয়া বিভিন্ন কাজের প্রায় ৯০ শতাংশ সম্পন্ন হয়েছে জানিয়ে মুখ্য সচিব জুনিয়র চিকিৎসকদের আবারো কাজে যোগদানের যে আহ্বান জানিয়েছেন, WBJDF তা খারিজ করে দিয়েছে।

৫) পুরুষের ঝালদায় নিঃত কংগ্রেস কাউন্সিলার তপন কান্দুর স্বীকাউন্সিলার পূর্ণিমা কান্দুর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৬/ রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে দ্বিতীয় দিনে বাংলা আজ তাদের প্রথম ইনিংসে উত্তর প্রদেশের বিরুদ্ধে ৭ উইকেটে ২৬৯ রান হাতে নিয়ে খেলতে নামবে ।

শারদীয়া দুর্গোৎসবের আজ চতুর্থ দিন। ভোর থেকেই মন্ডপে মন্ডপে চলে নবমী বিহিত পুজো ও পুস্পাঞ্জলির পালা।

(ঢাক)

দৃক সিদ্ধ পঞ্জিকা মতে অবশ্য গতকাল সকাল ৬টা ৪৮ মিনিট এর পরেই শুরু হয়ে যায় নবমী তিথি। মহাষ্টমী ও মহানবমীর সন্ধিক্ষণে গতকাল সকালেই আয়োজন করা হয় সন্ধীপুজোর।

তার পর বেশিরভাগ জায়গাতেই মহানবমীর পুজোও চলে। করা হয় হোম যজ্ঞও। বেলুড় মঠ সহ ঐতিহ্যবাহী পুজো মন্ডপ ও বনেদী বাড়িতে কুমারী পুজোরও আয়োজন করা হয়।

আজ সকালে নবমী তিথি ছেড়ে যাওয়ার পরেই বেশির ভাগ মণ্ডপে শুরু হয়ে গেছে দশমী বিহিত পুজো ও মা কে বিদায় জানানোর পালা। এয়ো স্ত্রীরা দেবী দুর্গাকে বরন করে মেতে উঠবেন সিদুর খেলায়। আকাশে বাতাসে ধ্বনিত হবে বিদায়ের সুর – আবার এসো মা গো। আবারো এক বছরের অপেক্ষা।

পারিবারিক ও ছোট ছোট পুজো গুলি আজই প্রতিমা বিসর্জনের আয়োজন করলেও বেশিরভাগ বড় মণ্ডপেই আজ নিরঞ্জন হবেনা। কলকাতায় যে সমস্ত বড় পুজো কমিটি কার্নিভালে যোগ দেবে, তাদের প্রতিমা নিরঞ্জন হবে মঙ্গলবার ১৫ ই অক্টোবর। বাকিরা আগামীকাল বা সোমবার বিসর্জনের বন্দোবস্ত করবে। জেলাগুলিতেও কার্নিভাল হবে সোমবার।

এদিকে মহাষ্টমী ও মহা নবমীর রাতে গতকাল মণ্ডপে মণ্ডপে নামে মানুষের ঢল। আবহাওয়া ভালো থাকায় দর্শনার্থীরা উত্তর থেকে দক্ষিণ সর্বত্রই বেরিয়ে পড়েন পুজো পরিক্রমায়। কলকাতায় রাতভর চলে মেট্রো। বিশেষ বাস ও ট্রেনের ও বন্দোবস্ত

ছিল। অনেকেই আবার আজো সকাল সকাল বেরিয়ে পরেছেন ঠাকুর দেখতে। পুজো নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন (ক্যাপসুল)

নবরাত্রি উৎসব শেষে সাড়া দেশে আজ দশেরা উৎসব পালিত হচ্ছে। রাবনের বিরুদ্ধে রাম চন্দ্রের জয়ের এই উৎসব, অঙ্গ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির জয়কেই প্রতিফলিত করে। বিভিন্ন জায়গায় আজ এই উপলক্ষে রাবন দহনের আয়োজন করা হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রুতপদি মুরমু, দশেরা উপলক্ষে জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি জীবনে সাফল্য, সুখ, শান্তি, ও সমৃদ্ধির বার্তা বহন করে নিয়ে আসবে বলেও রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। -

শারদোৎসবের মধ্যেই আর জি কর ইস্যুতে ১০ দফা দাবিতে ধর্মতলায় অনশনরত জুনিয়ার চিকিৎসকেরা গত সন্ধ্যায় মঞ্চ সংলগ্ন এলাকায় এক সমাবেশের ডাক দেন।

শারদোৎসবের সন্ধ্যায় ধর্মতলায় ওই মহা সমাবেশে হাজার হাজার মানুষ ভিন্ন পুজো উদযাপন করছেন। সমবেতস্বরে ধ্বনিত হয় আগনের পরশমণি। এই জমায়েতের জেরে কার্যত অবরুদ্ধ ধর্মতলার একাংশ। এতো ভীড় তাদের মনোবল বৃদ্ধি করেছে বলে আন্দোলনরত চিকিৎসকেরা জানিয়েছেন। তাদের পক্ষ থেকে সাধারণ মানুষের কাছে আর্থিক সাহায্যেরও আবেদন জানানো হয়।

WBDF এর পক্ষে ডাক্তার কিংজল নন্দ বলেন, এটি সম্পূর্ণ অরাজনৈতিক কর্মসূচি। যদি কোনো রাজনৈতিক দল নিজেদের স্বার্থে এই কর্মসূচিতে যোগদানের কথা বলতে চায় WBDF এর পক্ষে তাকে তীব্র ধিক্কার জানানোর কথা উল্লেখ করেন তিনি।

বাইট

এদিকে, অনশনরত জুনিয়ার চিকিৎসকদের প্রতি সহমর্মিতা জানাতে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন আই এম এ-র সভাপতি আর ভি অশোকন গতকাল কলকাতায় আসেন। আর জি কর মেডিকেল কলেজ হাসপাতাল হয়ে তিনি ধর্মতলায় চিকিৎসকদের অনশন মঞ্চে গিয়ে তাদের সঙ্গে কথা বলেন। অনশনের ফলে অসুস্থ হয়ে পড়া জুনিয়ার চিকিৎসক অনিকেত মাহাতোর সঙ্গেও দেখা করেন তিনি।

ধর্মতলায় জুনিয়র ডাক্তারদের আন্দোলন আরও তীব্র হচ্ছে। গত রাতে তাঁদের অনশনমঞ্চে যোগ দিলেন আরও দুই জন। বর্তমানে ওই মঞ্চে অনশনরত চিকিৎসকের সংখ্যা বেড়ে দাঁড়াল আট। এ ছাড়াও, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের দুই জুনিয়র ডাক্তারও ‘আমরণ অনশন’ করছেন।

অনশনরত ডাক্তার অনিকেত মাহাত অবস্থায় আরজি করে ভর্তি। সেই জায়গায় গতকাল দুই জুনিয়র ডাক্তার পরিচয় পত্তা ও আললিকা ঘড়ুই নতুন করে অনশন কর্মসূচি তে যোগ দেন।

পরিচয় শিশুমঙ্গল হাসপাতালের ইএনটি (নাক, কান, গলা) বিভাগের পিজিটি-র দ্বিতীয় বর্ষের পড়ুয়া। অন্যদিকে কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজের সার্জারি বিভাগের প্রথম বর্ষের পিজিটি আলোলিকা।

এর ফলে গত ৫ ই অক্টোবর থেকে কলকাতায় যারা অনশন কর্মসূচিতে যোগ দিয়েছেন তাঁরা হলেন, ডাক্তার অর্ণব মুখোপাধ্যায়, ডাক্তার অনুষ্ঠুপ মুখোপাধ্যায়, ডাক্তার

পুলস্ত্য আচার্য, ডাক্তার সিঞ্চা হাজরা, ডাক্তার সায়ন্তনী ঘোষ হাজরা, ডাক্তার তনয়া পাঁজা, এবং গতকাল যোগ দেওয়া পরিচয় পণ্ডা ও আলোলিকা ঘোরাঁই।

উল্লেখ্য, ১০ দফা দাবিতে শনিবার রাত সাড়ে ৮টা থেকে ধর্মতলায় আমরণ অনশন শুরু করেন কলকাতার বিভিন্ন মেডিক্যাল কলেজের ছ'জন জুনিয়র ডাক্তার।

রবিবার অনশনে যোগ দিয়েছিলেন আরজি করের জুনিয়র চিকিৎসক অনিকেত মাহাতোও। বৃহস্পতিবার রাতে শারীরিক অবস্থার অবনতি হওয়ায় অনশনরত অনিকেতকে আরজি কর হাসপাতালে ভর্তি করানো হয়।

এদিকে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের পক্ষ থেকে আগামীকাল একাদশির দিনে রাজ্য জুড়ে অরন্ধন পালনের ডাক দেওয়া হয়েছে।

West Bengal junior doctors front WBJDF এর তরফে গতরাতে অনশন মঞ্চ থেকে এই ডাক দিয়ে বলা হয়

বাইট

রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ স্বাস্থ্য ক্ষেত্রে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তা বিষয়ে যে খতিয়ান তুলে ধরে গতকাল জুনিয়র ডাক্তারদের অনশন কর্মসূচি থেকে সরে আসার আহ্বান জানিয়েছেন, West Bengal Junior Doctors' Front WBJDF তা খারিজ করে দিয়েছে। ফন্টের পক্ষে গতকাল ডাক্তার পরিচয় পণ্ডা একথা জানিয়ে বলেন, ওই খতিয়ান এর পরিপ্রেক্ষিতে অনশন কর্মসূচি প্রত্যাহার করে বিষয়টিকে লঘু করে দেখানোর কোনো কারণ নেই। সামগ্রিক ভাবে রাজ্যের বেহাল স্বাস্থ্য দশা পরিবর্তন করতেই ১০ দফা দাবির ভিত্তিতে এই আন্দোলন চলছে। তাই এই অনশন কর্মসূচি থেকে সরে আসার কোনো প্রশ্ন ওঠে না।

বাইট

উল্লেখ্য, চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের নিরাপত্তা ও সুরক্ষায় রাজ্যের সব মেডিকেল কলেজ ও হাসপাতালে নেওয়া বিভিন্ন কাজের প্রায় ৯০ শতাংশ সম্পন্ন হয়েছে বলে রাজ্য সরকারের পক্ষে গতকাল জানানো হয়। তাদের সুরক্ষায় এইসব কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট চেয়ে জুনিয়র চিকিৎসকরা মুখ্য সচিব মনোজ পন্থ কে যে ই মেইল করেছিলেন তার উত্তরে মুখ্যসচিব গত সপ্তাহে বিভিন্ন গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করে চিকিৎসকদের কাছে রিপোর্ট পাঠান। সেই রিপোর্টে তিনি উল্লেখ করেন ইতিমধ্যে রাজ্যের আঠাশ টি মেডিকেল কলেজ ও হাসপাতালে ৭ হাজার ৫১টি সিসিটিভি, ৭৭৮টি ওয়াশরুম, ৮৯৩টি নতুন ডিউটি রুম ছাড়াও পর্যাপ্ত আলো, এলার্ম ও বায়োমেট্রিক ব্যবস্থা চালুর জন্য রাজ্যের তরফে ১১৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তরফে বুধবার সবুজ সংকেত মেলায় আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে সব কাজ এখনো শুরু করা যায়নি। বাকি মেডিকেল কলেজগুলোতে মঙ্গলবার এর মধ্যে সব কাজ সম্পন্ন হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

মসৃণ ভাবে চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে অনশন প্রত্যাহার করে মুখ্য সচিব আরো একবার জুনিয়র চিকিৎসকদের স্বাভাবিক কাজকর্মে ফেরার আবেদন জানিয়ে বলেন স্বাস্থ্য সংক্রান্ত যে কোনো বিষয়ে অভিযোগ জানানোর জন্য রাজ্যস্তরে কমিটি গঠন করা ছাড়াও কেন্দ্রীয়ভাবে একটি টোল ফ্রি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে বলে মুখ্যসচিব জানিয়েছেন। সব মেডিকেল কলেজ হাসপাতালে পুরনো সমিতি ভেঙে দিয়ে নতুন ভাবে রোগী কল্যাণ সমিতি গঠন করা হয়েছে। নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থা অডিটের জন্যে রাজ্যস্তরে প্রাক্তন ডিজিপি সুরজিৎ কর পুরকায়স্থ এবং জেলাস্তরে জেলা শাসকের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। মহিলাদের নিরাপত্তায় বিভিন্ন পুলিশ থানায় এক হাজার একশো ১৩ জন মহিলা কনস্টেবল কে যুক্ত করা ছাড়াও

দেড় হাজারের বেশি বেসরকারি নিরাপত্তা রক্ষী নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানান ।

আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের দাবিগুলি প্রশাসনিক স্তরে যথাযথ গুরুত্ব দিয়ে, সংবেদনশীলতার সঙ্গে বিবেচনা করার আবেদন জানিয়ে সিনিয়র চিকিৎসকদের সংগঠন জয়েন্ট প্লাটফর্ম অফ ডেস্ট্রেস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছে। গতকাল সংগঠনের তরফে পাঠানো একটি ই মেইল এ অচলাবস্থা কাটাতে রাজ্য সরকারকে আরো একবার জুনিয়ার চিকিৎসকদের সঙ্গে আলোচনায় বসার অনুরোধ জানানো হয় ।

এদিকে, বেসরকারী হাসপাতাল ফোর্টিজের চিকিৎসকেরা আজ থেকে জরুরী বিভাগ ছাড়া সমস্ত পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। হাসপাতালের পক্ষ থেকে গতকাল এক বিবৃতিতে একথা জানানো হয় ।

পুরুলিয়ার ঝালদায় নিঃত কংগ্রেস কাউন্সিলার তপন কান্দুর স্বীকাউন্সিলার পূর্ণিমা কান্দুর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। | গতকাল রাত প্রায় পৌনে এগারোটা নাগাদ ঝালদা শহরের স্টেশন রোডের বাড়ি থেকে পূর্ণিমা দেবীকে অচৈতন্য অবস্থা থেকে উদ্বার করে ঝালদা ১ ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। পরীক্ষার পরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। | ঘটনার খবর পেয়ে স্বাস্থ্যকেন্দ্রে যান পুরুলিয়া জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো সহ দলের স্থানীয় নেতৃত্ব। | ঝালদার আইসি পার্থসারথি ঘোষ সহ পুলিশের আরো কয়েকজন অধিকারিকও পৌঁছে যান। | আজ তাঁর দেহের ময়নাতদন্ত করা হবে। |

উল্লেখ্য, পূর্ণিমা ঝালদা শহরের ১২নম্বর ওয়ার্ডের কংগ্রেস কাউন্সিলার ছিলেন। স্বামীর মৃত্যুর পরে তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে জয়লাভ করেন। ২০২২সালের মার্চ মাসে বিকেলে হাঁটতে বেরিয়ে ঝালদা শহরের কাছে গোকুলনগরে আততায়ীদের

গুলিতে নিহত হন তপন কান্দু। |ঘটনার তদন্ত করছে সিবিআই |সেই মামলা এখনো বিচারাধীন।

ভারতীয় সেনাবাহিনীতে ২ অগ্নিবীর দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে একজন পশ্চিমবঙ্গের বাসিন্দা সৈকত। অন্যজন গুজরাটের রাজকোটের গহিল বিশ্ব রাজসিংহ। মহারাষ্ট্রের ডেভলালি ফায়ারিং রেঞ্জে প্রশিক্ষণ চলাকালীন এরা দুর্ঘটনায় পড়েন বলে জানা গেছে। বিস্তারিত তথ্য এখনও জানা যায়নি।

সেনাবাহিনীর পক্ষ থেকে এদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে কোর্ট অফ ইনকুয়ারীর নির্দেশ দেওয়া হয়েছে।

রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচের দ্বিতীয় দিনে বাংলা আজ তাদের দ্বিতীয় ইনিংসে উত্তর প্রদেশের বিরুদ্ধে ৭ উইকেটে ২৬৯ রান হাতে নিয়ে খেলতে নামবে। লখনউ এর একানা ক্রিকেট স্টেডিয়ামে গতকাল এই ম্যাচে টসে জিতে তারা প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়।

সুনীপ চ্যাটার্জী ১১৬, সুনীপ কুমার ঘৰামী ৯০ রান করেন। শাহবাজ আহমেদ ২৬ ও সুরজ সিঙ্গু জয়সওয়াল কোনো রান না করে অপরাজিত আছেন।

উত্তর প্রদেশের ভিপরাজ নিগম চার উইকেট নিয়েছেন।
